



নিয়োগ বিজ্ঞপ্তি

ঢাকা বিশ্ববিদ্যালয়ঃ- বিধি মোতাবেক প্রদেয় ভাতাদিসহ ঢাকা বিশ্ববিদ্যালয়ের নিম্নলিখিত অফিসের শূন্য পদগুলির নামের পার্শ্বে উল্লেখিত বেতন স্কেল, শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতার ভিত্তিতে লোক নিয়োগের জন্য বাংলাদেশী নাগরিকদের নিকট হতে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে ঃ-

১। পরিসংখ্যান বিভাগ

পদের নাম ও বেতন স্কেল	পদ সংখ্যা	শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা
(ক) কম্পিউটার অপারেটর টাঃ ১২৫০০-৩০২৩০/- বেতন স্কেলে (জাতীয় বেতন স্কেল-২০১৫)	০১ (এক) টি	প্রার্থীকে কমপক্ষে স্নাতক পাস হতে হবে। প্রার্থীকে কম্পিউটারে ডিপ্লোমাসহ কম্পিউটার রক্ষণাবেক্ষণ ও নেটওয়ার্কিং কাজে ৪ বছরের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে। প্রার্থীর শিক্ষা জীবনের কোন পর্যায়ে ৩য় বিভাগ/শ্রেণি/সমমানের জিপিএ/সিজিপিএ গ্রহণযোগ্য নয়।
খ) সহকারি কাম কম্পি: মুদ্রা: (পুন:বিজ্ঞপ্তি) টাঃ ৯৩০০-২২৪৯০/- বেতন স্কেলে (জাতীয় বেতন স্কেল-২০১৫)	০১ (এক) টি	প্রার্থীকে ন্যূনতম স্নাতক/সমমান পাস হতে হবে। প্রার্থীর কম্পিউটার অপারেটিং এ প্রশিক্ষণ আবশ্যিক। শিক্ষা জীবনের কোন পর্যায়ে তৃতীয় বিভাগ/শ্রেণি/সমমানের জিপিএ/সিজিপিএ গ্রহণযোগ্য নয়। পূর্বে যারা আবেদন করেছেন তাদের পুনরায় আবেদন করার প্রয়োজন নেই।

২। মনোবিজ্ঞান বিভাগ

পদের নাম ও বেতন স্কেল	পদ সংখ্যা	শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা
ল্যাব. টেকনিশিয়ান টাঃ ১২৫০০-৩০২৩০/- বেতন স্কেলে (জাতীয় বেতন স্কেল-২০১৫)	১ (এক) টি	প্রার্থীকে ন্যূনতম স্নাতক পাস হতে হবে। প্রার্থীকে ল্যাবরেটরীতে গবেষণা কাজে কমপক্ষে ২ বছরের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে। প্রার্থীর শিক্ষা জীবনের কোন পর্যায়ে তৃতীয় বিভাগ/শ্রেণি/সমমানের জিপিএ/সিজিপিএ গ্রহণযোগ্য নয়। প্রার্থীকে অবশ্যই মাল্টিমেডিয়া, এমএস ওয়ার্ড, এমএস এক্সেল পরিচালনায় অভিজ্ঞ হতে হবে। তাছাড়া মনোবিজ্ঞান গবেষণাগারে ছাত্র-ছাত্রীদের ব্যবহারিক পরীক্ষায় যে সকল যন্ত্রপাতি ব্যবহার ও বিভিন্ন টেস্ট করা হয় সে সম্পর্কে অভিজ্ঞতা থাকতে হবে।

আবেদনকারীদের অবশ্যই আবেদনপত্রে তার শিক্ষাগত যোগ্যতার সকল সার্টিফিকেট ও ডিগ্রি উল্লেখ করতে হবে। আবেদনপত্রে কোন তথ্য গোপন বা উল্লেখ না করলে ভবিষ্যতে তার পরীক্ষা পাশের সার্টিফিকেট নথিতে সংযুক্ত করা হবে না এবং বিধি অনুযায়ী প্রশাসনিক ব্যবস্থা নেওয়া হবে। এছাড়াও পদোন্নতি নীতিমালায় বর্ণিত পয়েন্ট সুবিধা প্রদান করা হবে না।

রেজিস্ট্রারের অনুকূলে প্রদেয় ৩০০/- (তিনশত) টাকা মূল্যমানের ব্যাংক ড্রাফট/পে-অর্ডার (পোস্টাল অর্ডার গ্রহণযোগ্য নয়) এবং সকল পরীক্ষা পাসের সার্টিফিকেট ও প্রশংসাপত্রের সত্যায়িত প্রতিলিপিসহ সাদা কাগজে পূর্ণ জীবনবৃত্তান্ত উল্লেখপূর্বক রেজিস্ট্রার বরাবরে লিখিত দরখাস্ত আগামী ২৬-১২-২০১৮ খ্রীস্টাব্দ/১২-০৯-১৪২৫ বঙ্গাব্দ তারিখের মধ্যে ক্রমিক-১-এর আবেদনপত্র পরিসংখ্যান বিভাগের চেয়ারম্যান-এর অফিসে, ক্রমিক-২-এর আবেদনপত্র মনোবিজ্ঞান বিভাগের চেয়ারম্যান-এর অফিসে পৌঁছাতে হবে।

চাকুরিরত প্রার্থীকে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে দরখাস্ত দাখিল করতে হবে।